

সোয়াদ | سواد | ص

আয়াতঃ ৩৮ : ৫৯

আরবি মূল আয়াত:

هَذَا فَوْجٌ مُّقْتَحِمٌ لَا مَرْحَبًا بِهِمْ ۖ إِنَّهُمْ صَالُوا النَّارِ ﴿٥٩﴾

A. অনুবাদসমূহ:

এই তো এক দল তোমাদের সাথেই প্রবেশ করছে, তাদের জন্য নেই কোন অভিনন্দন। নিশ্চয় তারা আগুনে জ্বলবে। — আল-বায়ান

(নিজেদের একদল অনুসারীকে জাহানামের দিকে আসতে দেখে জাহানামীরা বলাবলি করবে) এই তো এক বাহিনী তোমাদের সঙ্গে এসে প্রবেশ করছে। তাদের জন্য নেই কোন সংবর্ধনা, তারা আগুনে জ্বলবে। — তাইসিরুল
এইতো এক বাহিনী, তোমাদের সাথে প্রবেশ করেছে। তাদের জন্য নেই অভিনন্দন, তারাতো জাহানামে জ্বলবে।
— মুজিবুর রহমান

[Its inhabitants will say], "This is a company bursting in with you. No welcome for them. Indeed, they will burn in the Fire." — Sahih International

৫৯. এ তো এক বাহিনী, তোমাদের সঙ্গে প্রবেশ করছে। তাদের জন্য নেই কোন অভিনন্দন। নিশ্চয় তারা আগুনে জ্বলবে।

-

তাফসীরে জাকারিয়া

(৫৯) (জাহানামীদের নেতাদেরকে বলা হবে,) ‘এ এক বাহিনী, যা তোমাদের সঙ্গে প্রবেশ করবে।’[1]
(ওরা বলবে,) ‘ওদের জন্য অভিনন্দন নেই, [2] ওরা তো জাহানামে প্রবেশ করবে।’[3]

[1] জাহানামের দরজায় দণ্ডযামান ফিরিশতাগণ, কাফেরদের দলপতিদেরকে এই কথা তখন বলবেন, যখন তাদের অনুসারীরা জাহানামে প্রবেশ করবে। অথবা কাফের দলপতিরা তাদের অনুসারীদের দিকে ইঙ্গিত করে নিজেদের মাঝে বলাবলি করবে।

[2] এ কথা দলপতিরা জাহানামে প্রবেশকারী কাফেরদের উদ্দেশ্যে ফিরিশতাদের উত্তরে বলবে। অথবা নিজেদের মধ্যে আলোচনা করবে। رَحْبَةً এর অর্থ প্রশস্ততা ও স্বাচ্ছন্দ্য। شدটি অভিনন্দন সূচক, যা কোন আগত মেহমানকে সবাগত ও অভিনন্দন জ্ঞাপনের সময় ব্যবহার করা হয়। مَرْحَبًا ছ তার বিপরীত শব্দ।

[3] এটা তাদেরকে অভিনন্দন জ্ঞাপন না করার কারণ। আমাদের ও তাদের মাঝে কোন পার্থক্য নেই, এরাও

আমাদের মতই জাহানামে প্রবেশ করছে এবং যেমন আমরা শাস্তিযোগ্য হয়েছি, তেমনি এরাও জাহানামের শাস্তিযোগ্য হয়েছে।

তাফসীরে আহসানুল বাযান

❖ Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4029>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন